Total No. of Printed Pages—8

**HS/XII/A/b/20**

**2020**

**BENGALI ( ELECTIVE )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt Part—A (Objective Questions) serially.

(iii) Attempt all parts of a question together at one place.

( PART : A—OBJECTIVE )

( *Marks* : 50 )

SECTION—I

( *Marks* : 25 )

১। সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে কোনো **পাঁচটি**): ১×৫=৫

(ক) ''মজিনু বিফল তপে _____ বরি।''

( অবরণ্যে / অযতনে / অনাদরে )

(খ) ''দেখব শুধু মুখখানি, শোনাও যদি শুনব _____।''

( বাণী / কথা / গান )

(গ) ''পৃথিবীর কতকগুলি প্রথম শ্রেণীর কাব্য, কেবল _____ মাত্র।''

( অনুসরণ / অনুকরণ / ব্যাখ্যা )

(ঘ) ''বাঙ্গালী মনে করে, _____ যাহা যাহা করে, সেইরূপ করিলে, ইংরেজের মত সভ্য, শিক্ষিত, সম্পন্ন, সুখী হইবে।''

( বিদেশী / পাশ্চাত্য / ইংরেজ )

(ঙ) ''শ্রীরাম লক্ষ্মণ আর জনকের _____।''

( বালা / কন্যা / ঝি )

(চ) ''মনুষ্য যে সকল অত্যাচারের অধীন, সে সকলের ভিত্তিমূল মনুষ্যের _____।''

( লোভ / লালসা / প্রয়োজনে )

(ছ) ''কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা _____।''

( বিষ / মধু / সুধা )

(জ) ''মুকুন্দরাম চক্রবর্তীর _____ একটি বিখ্যাত গ্রন্থ।''

( 'ধর্মমঙ্গল' / 'মনসামঙ্গল' / 'চণ্ডীমঙ্গল' )

২। সত্য/মিথ্যা নির্ণয় করে উত্তর-পত্রে লেখ (যে কোনো **দশটি**): ১×১০=১০

(ক) '''চর্যাপদ'-এর প্রাপ্ত পদসংখ্যা সাড়ে ছেচল্লিশটি।''

(খ) ধনঞ্জয় বৈরাগী মাধবপুরের অধিবাসী ছিলেন।

(গ) কাশীরাম দাস 'মহাভারত' অনুবাদ করেন।

(ঘ) ''একমাত্র পুত্র মেঘনাদের মৃত্যুতে রাবণের বিলাপই 'দশাননের বিলাপ' কবিতার বিষয়বস্তু।''

(ঙ) চাঁদসদাগর 'চণ্ডীমঙ্গল' কাব্যের একটি প্রধান চরিত্র।

(চ) বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের নাম 'শ্রীকৃষ্ণকীর্তন'।

(ছ) ''যে ভালোবাসে, সেই অত্যাচার করে।''

(জ) প্রতাপাদিত্য ('প্রায়শ্চিত্ত' নাটকের) ছিলেন কোচবিহারের রাজা।

(ঝ) 'আবার আসিব ফিরে' কবিতাটি জীবনানন্দের 'রূপসী বাংলা' কাব্যের অন্যতম কবিতা।

(ঞ) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটি কৃষ্ণদাস কবিরাজের লেখা।

(ট) 'প্রায়শ্চিত্ত' নাটকখানি রবীন্দ্রনাথ ঠাকুরের 'বউ ঠাকুরাণীর হাট' উপন্যাসের নাট্যরূপ।

(ঠ) জ্ঞানদাস ও গোবিন্দদাস 'বৈষ্ণবপদাবলী' সাহিত্যের কবি।

(ড) রবীন্দ্রনাথের 'প্রায়শ্চিত্ত' একটি একাঙ্ক নাটক।

৩। সঠিক শব্দ যোগ করে উত্তর লেখ (যে কোনো **দশটি**): ১×১০=১০

(ক) সুরমার সঙ্গে প্রতাপাদিত্যের সম্পর্ক কী?
( ভ্রাতৃবধূ / পৌত্রবধূ / পুত্রবধূ )

(খ) মালাধর বসু কোন্ গ্রাম নিবাসী ছিলেন?
( কুলীন গ্রাম / নদীয়া গ্রাম / ফুলিয়া গ্রাম )

(গ) 'কালকেতু-ফুল্লরা' কাহিনি কোন্ মঙ্গলকাব্যের অন্তর্গত?
( 'মনসামঙ্গল' / 'চণ্ডীমঙ্গল' / 'ধর্মমঙ্গল' )

(ঘ) বামী কার পরিচারিকা ছিল?
( বিভার / প্রতাপাদিত্যের মহিষীর / রাজপরিবারের )

(ঙ) ''মুক্তিয়ার! রায়গড়ের রাজার প্রতি মহারাজা প্রাণদণ্ডের আদেশ করেছেন।''—রায়গড়ের রাজার নাম কী?

( রামচন্দ্র / রাজমোহন / বসন্তরায় )

(চ) বৃন্দাবনদাস রচিত চৈতন্য-জীবনীগ্রন্থের নাম কি?

( 'চৈতন্যচরিতামৃত' / 'চৈতন্যমঙ্গল' / 'চৈতন্যভাগবত' )

(ছ) 'সতীশূন্য কৈলাস' কবিতাটির রচয়িতার নাম লেখ।

( হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় / নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায় / দুলালচন্দ্র বন্দ্যোপাধ্যায় )

(জ) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র কয়টি আদেশ বা নিয়ম পালন করতে বলেছেন?

( ১১টি / ২২টি / ১২টি )

(ঝ) ধানসিঁড়ি নদী কোন্ কবিতার অন্তর্গত ?

( 'পূর্বরাগ' / 'শ্যেন কপোতের উপাখ্যান' / 'আবার আসিব ফিরে' )

(ঞ) ''ভাল ভাগ্য পাটনীর তারে করে পার।''—'তারে' বলতে কাকে বোঝানো হয়েছে?

( দেবী মঙ্গলা / দেবী অভয়া / দেবী অন্নপূর্ণা )

(ট) 'জলাঙ্গী' নদীর নাম তোমার পাঠ্য কোন্ কবিতার অন্তর্গত?

( 'পাদুকা গ্রহণ' / 'শ্রীক্ষেত্র' / 'আবার আসিব ফিরে' )

(ঠ) 'বিবিধ প্রবন্ধ' কার রচিত?

( বিবেকানন্দ / রবীন্দ্রনাথ / বঙ্কিমচন্দ্র )

SECTION—II

( *Marks* : 25 )

৪। যে কোনো **পাঁচটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: ৫×৫=২৫

(ক) ''তুমি আনতে যাচ্ছ যাও—তাতে আপত্তি নাই, কিন্তু দেখো একথা যেন কেউ শুনতে না পায়।''—কে, কাকে উদ্দেশ্য করে এই উক্তি করেছেন? উক্তি কারক কোথাকার রাজা? যশোর রাজপরিবারের সাথে তাঁর সম্পর্ক কী তা বর্ণনা কর। ২+১+২=৫

(খ) ''অযোধ্যা-ভূষণ তুমি অযোধ্যার সার।''—'অযোধ্যা-ভূষণ' এখানে কাকে সম্বোধন করা হয়েছে এবং কে করেছেন? যিনি এই উক্তিটি করেছেন, অতি সংক্ষেপে তাঁর পরিচয় দাও। ২+৩=৫

(গ) 'দশানন' কে এবং কোথাকার রাজা? কার শোকে তিনি বিলাপ করছেন, অল্প কথায় তা বর্ণনা কর। ১+১+৩=৫

(ঘ) কবি আলাওল কোন্ যুগের কবি? তিনি কোন্ রাজসভার পৃষ্ঠপোষকতায় বাংলা কাব্য রচনা করেন? দুই-তিনটি বাক্যে কবি আলাওলের কাব্য কৃতির পরিচয় দাও। ১+১+৩=৫

(ঙ) বাংলা ভাষায় যে কোনো তিনজন 'চৈতন্য-জীবনীকাব্য' বা গ্রন্থ রচয়িতার নাম লেখ। তাঁদের রচিত একটি গ্রন্থ বা কাব্য-এর নাম লেখ। ৩+২=৫

(চ) সর্বপ্রথম বাঙ্গালার ইতিহাস কে রচনা করেন? তাঁর রচিত গ্রন্থের নাম কী? এই রচনাকে 'মুষ্টিভিক্ষা' বলা হয় কেন, অল্প কথায় বুঝিয়ে দাও। ১+১+৩=৫

(ছ) 'প্রায়শ্চিত্ত' নাটকের রাজা প্রতাপাদিত্যের পুত্র, কন্যা, পুত্রবধূ ও জামাতার নাম লেখ। রাজমহিষীর পরিচারিকার নাম কী? প্রতাপাদিত্যের খুড়ার নাম কী? ৩+১+১=৫

(জ) 'ভালোবাসার অত্যাচার' প্রবন্ধটি কোন্ গ্রন্থের অন্তর্গত? ভালোবাসার অত্যাচার সম্বন্ধে বঙ্কিমচন্দ্রের যে কোনো একটি অভিমত নিজের ভাষায় লেখ। ১+৪=৫

## ( PART : B—DESCRIPTIVE )

( *Marks* : 50 )

৫। যে কোনো **একটি** অংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা কর : ৮

(ক) ''যাহারা তোমার বিষাইছে বায়ু, নিভাইছে তব আলো,
তুমি কি তাদের ক্ষমা করিয়াছ, তুমি কি বেসেছ ভালো?''

(খ) ''সুরমা: বেড়ি এবার ভাঙল। আমি বুঝতে পারছি আমার বিদায় হবার সময় হয়ে এসেছে, আর বড়ো দেরি নাই।''

(গ) ''প্রণমিয়া পাটনী কহিছে জোড় হাতে।
আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।।''

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''বাঙ্গালীরা এশিয়া খণ্ডের মধ্যে এথিনীয় জাতিসদৃশ।'' 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধ অবলম্বনে উক্তিটির যথার্থতা বিচার কর।

(খ) 'অনুকরণ' প্রবন্ধে অনুকরণ সম্পর্কে বঙ্কিমচন্দ্রের বক্তব্য সংক্ষেপে নিজের ভাষায় লেখ।

(গ) বঙ্কিমচন্দ্রের বিচারে শ্রেষ্ঠ অলঙ্কার কী? শ্রেষ্ঠ লেখক কে? 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধ অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ কর।

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''এ ত মেয়ে মেয়ে নয়, দেবতা নিশ্চয়।''—মন্তব্যটি কার? সে এইরূপ ভেবেছিল কেন? শেষ পর্যন্ত এই ভাবনা কিসে রূপান্তরিত হয়, বিবৃত কর। ১+৪+৫=১০

(খ) ''তোমার পাদুকা যদি থাকে মম ঘরে।
ত্রিভুবনে আমার কে কি করিতে পারে?''
—এখানে 'আমার' কাকে বলা হয়েছে? তিনি কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছেন? 'তোমার পাদুকা' অর্থাৎ কার পাদুকার কথা এখানে বলা হয়েছে? তাঁর নাম কী? চরিত্রটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১+২+১+১+৫=১০

(গ) 'শ্রীক্ষেত্র' শব্দের অর্থ কী? কবিতাটি অবলম্বনে শ্রীক্ষেত্রের বর্ণনা দাও। ২+৮=১০

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''সে শাস্তি আমিই নিলুম, প্রায়শ্চিত্ত আমাকে দিয়েই হবে।''—কে, কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছেন? এই প্রসঙ্গে 'প্রায়শ্চিত্ত' নাটকের নামকরণ সার্থক হয়েছে কিনা, বিচার কর। ২+৮=১০

(খ) ''ধনঞ্জয় বৈরাগী চরিত্রটি কি রক্ত-মাংসে গড়া বাস্তব মানুষ, না কি কবি-মানস-সৃষ্ট একটি ভাবমূর্তি।''—চরিত্রটি বিশ্লেষণ করে উক্তিটির যৌক্তিকতা প্রতিপন্ন কর। ১০

(গ) ''আমার মাকে আমি আনব, তুমিই বা বারণ করবার কে?''—উক্তিটি কার? কোন্ প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে? ঘটনাটিকে অবলম্বন করে বক্তার চারিত্রিক বৈশিষ্ট্য পরিস্ফুট কর। ১+৩+৬=১০

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) অনুবাদ সাহিত্য কাকে বলে? বাংলা ‘রামায়ণ’-এর সর্বশ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর সম্পর্কে যা জান, লেখ। ৩+১+৮=১২

(খ) ‘চর্যাপদ’ গ্রন্থটি কবে, কোথা থেকে, কে আবিষ্কার করেন? রচয়িতা এবং কাব্যোৎকর্ষতা সম্পর্কে আলোকপাত কর। ৩+৪+৫=১২

(গ) ‘চৈতন্যভাগবত’-এর রচয়িতা কে? তিনি কোন্ যুগের কবি? রচয়িতার ও গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+৫+৫=১২

(ঘ) নীচের যে কোনো **দুটি** বিষয় অবলম্বন করে টীকা লেখ: ৬+৬=১২

চণ্ডীদাস, ‘আগমনী’ ও ‘বিজয়া’, কাশীরাম দাস, ‘শ্রীকৃষ্ণকীর্তন’, ‘অন্নদামঙ্গল’, মুকুন্দরাম চক্রবর্তী।

★★★